

প্রেস বিজ্ঞপ্তি

মায়ামীতে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল- এর কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করলেন পররাষ্ট্র মন্ত্রী

পররাষ্ট্র মন্ত্রী ড. এ. কে. আব্দুল মোমেন ৬ এপ্রিল ২০২২ তারিখে যুক্তরাষ্ট্রের মায়ামীতে নবস্থাপিত বাংলাদেশ কনস্যুলেট জেনারেলের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধন উপলক্ষ্যে কনস্যুলেট জেনারেল প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দেন যুক্তরাষ্ট্র সফররত পররাষ্ট্র মন্ত্রী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত। মায়ামীতে নিযুক্ত তুরস্ক, ইকুয়েডর, উরুগুয়েসহ বিভিন্ন দেশের কনসাল জেনারেল ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ, যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের অফিস অফ ফরেন মিশনস এর মায়ামী কার্যালয়ের উপ-প্রধান এবং মায়ামী বাংলাদেশ কমিউনিটির সদস্য, প্রবাসী বীর মুক্তিযোদ্ধা, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, ফ্লোরিডা আওয়ামী লীগ ও আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের সদস্যরাও উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতেই বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়। পরবর্তীতে পররাষ্ট্র মন্ত্রী কনস্যুলেট প্রাঙ্গণে স্থাপিত ‘বঙ্গবন্ধু কর্নার’ পরিদর্শন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্র মন্ত্রী প্রবাসী বাংলাদেশীদের কনস্যুলার সেবা প্রদানে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপের কথা তুলে ধরেন এবং এ সেবার পরিধি বিস্তারে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তিনি আশা প্রকাশ করেন যে, এ কনস্যুলেট স্থাপনের মাধ্যমে যুক্তরাষ্ট্রের এ অঞ্চলে প্রবাসী বাংলাদেশীদের সেবা প্রদানে প্রধানমন্ত্রীর দেয়া প্রতিশ্রুতি বাস্তবায়িত হবে। বক্তব্য শেষে ফিতা কেটে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামীর কার্যক্রমের আনুষ্ঠানিক ঘোষণা করেন তিনি। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব মোঃ শহিদুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন।

কনসাল জেনারেল ইকবাল আহমেদের সঞ্চালনায় এ অনুষ্ঠানে মায়ামীতে অবস্থিত অন্যান্য কনস্যুলেট ও যুক্তরাষ্ট্রের অফিস অফ ফরেন মিশনসের পক্ষ থেকে বাংলাদেশকে অভিনন্দন জানিয়ে বক্তব্য প্রদান করা হয় এবং প্রবাসী বীর মুক্তিযোদ্ধা ও প্রবাসী বাংলাদেশীদের পক্ষ থেকেও মায়ামীতে এ কনস্যুলেট স্থাপনের জন্য সরকারকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য প্রদান করা হয়। আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষ্যে উপস্থিত সকলকে আপ্যায়ন ও পররাষ্ট্র মন্ত্রী কর্তৃক কেক কাটার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।




